বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)
কোম্পানি সচিবালয়
বোর্ড উপবিভাগ

## সেপ্টেম্বর/২০২৫ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : প্রকৌশলী মোঃ ফজলুল হক, ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স
তারিখ : ২৫ সেপ্টেম্বর, ২০২৫
সময় : সকাল ১১.০০ টায়
সভার স্থান : বাপেক্স বোর্ড রুম
সভার উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১। | কার্যবিবরণী নিশ্চিতকরণ | ব্যবস্থাপনা পরিচালক সভায় উপস্থিত মহাব্যবস্থাপক, উপমহাব্যবস্থাপক, প্রকল্প পরিচালক ও প্রকল্প ব্যবস্থাপকসহ সকল কর্মকর্তাকে শুভেচ্ছা ও স্বাগত জানান। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য তিনি কোম্পানি সচিবকে অনুরোধ করেন। কোম্পানি সচিব ব্যবস্থাপনা পরিচালকসহ উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর গত ২৭.০৮.২০২৫ তারিখে অনুষ্ঠিত জুলাই/২০২৫ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য উপস্থাপন করেন। ব্যবস্থাপনা পরিচালক উক্ত কার্যবিবরণীর বিষয়ে কোন মতামত ও সংশোধনের প্রয়োজন আছে কিনা জানতে চান। কোন মতামত না থাকায় সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ কার্যবিবরণীটি নিশ্চিতকরণের পক্ষে একমত প্রকাশ করেন। | আগস্ট/২০২৫ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো। | ১। উপমহাব্যবস্থাপক (বোর্ড) |
| ২। | জামালপুর-১ কূপ খনন প্রকল্প | বিভাগীয় প্রধান (প্লানিং এন্ড আইসিটি) সভায় জানান যে, জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খননের জন্য সম্ভাব্য লোকেশন সরেজমিন পরিদর্শনপূর্বক তা জিএন্ডজি কমিটি কর্তৃক অনুমোদন করতঃ কূপ খননের স্থান নির্ধারণ করা হয়েছে। এছাড়া, Environmental Impact Assesment (EIA)-এর জন্য প্রশাসন বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। ব্যয় প্রাক্কলন তৈরির কাজ এবং IIFC-কর্তৃক Feasibility Study-এর কার্যক্রম চলমান আছে। এ পর্যায়ে ব্যবস্থাপক (অপারেশন এন্ড ফিল্ড উন্নয়ন) ও প্রকল্প ব্যবস্থাপক ড. কাজী ফায়েজ আলম জানান যে, জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খননের জন্য প্রয়োজনীয় ভূমি হুকুমদখল ৫০৫তম সভায় অনুমোদিত হয়েছে। তিনি আরো জানান যে, প্রকল্পের খনন কাজ ৯০ দিনে বাস্তবায়নের জন্য জি এন্ড জি কমিটি কর্তৃক সুপারিশ করা হয়েছে যা বাস্তবতার নিরিখে আরো সময় বৃদ্ধি করা সমীচীন। আলোচনায় অংশ নিয়ে মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খননের জন্য প্রয়োজনীয় ভূমি হুকুমদখলের বিষয়টি গত ২৫-০৯-২০২৫ তারিখে পেট্রোবাংলার প্রেরণ করা হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক | ১। জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খননের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। জামালপুর-১ কূপ হতে গ্যাস উৎপাদন কার্যক্রম শুরু করার লক্ষ্যে বাপেক্স এর বিদ্যমান গ্যাস ফিল্ডের প্রসেস প্লান্ট স্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খনন কাজ বাস্তাবায়নের জন্য প্রণীত ডিপিপি-তে খনন সময়কাল ৯০ দিনের পরিবর্তে বাস্তবতার নিরিখে নির্ধারণ করতে হবে। | ১। প্রকল্প ব্যবস্থাপক, জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খনন প্রকল্প<br>২। মহাব্যবস্থাপক (উৎপাদন)<br>৩। মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) ও আহবায়ক, জিএন্ডজি কমিটি<br>৪। বিভাগীয় প্রধান (প্লানিং এন্ড আইসিটি) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | জামালপুর-১ কূপ হতে গ্যাস উৎপাদন শুরু করার লক্ষ্যে বাপেক্স এর বিদ্যমান গ্যাস ফিল্ডের প্রসেস প্লান্টসমূহের সম্ভাব্যতা যাচাই কাজের অগ্রগতি জানতে চাইলে মহাব্যবস্থাপক (উৎপাদন) জানান যে, প্রসেস প্লান্ট স্থাপনের সম্ভাব্যতা যাচাই কাজ সম্পন্ন হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক দ্রুততম সময়ে জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খনন কাজ বাস্তাবায়নের জন্য প্রণীত ডিপিপি-তে উল্লিখিত সময়কাল বাস্তবতার নিরিখে বৃদ্ধি করার পরামর্শ প্রদান করেন এবং দ্রুত কূপ খননের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও ভূমি হুকুমদখল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। | | |
| ৩। | ভোলা নর্থ কূপের প্রসেস প্ল্যান্ট স্থাপন | মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান, গ্যাস গ্যাদারিং লাইন স্থাপনের জন্য ভূমি অধিগ্রহণের বিষয়টি যৌথভাবে তদারকি করা হচ্ছে। গ্যাস গ্যাদারিং লাইন সমূহের ফিল্ডবুক তৈরির কাজ চলমান আছে। প্রকল্প পরিচালক জানান যে, গ্যাস গ্যাদারিং লাইন স্থাপনের জন্য ড্রয়িং ও ডিজাইন তৈরির কাজ চলছে। আগামী ৩০-০৯-২০২৫ এর মধ্যে গ্যাস গ্যাদারিং লাইন স্থাপনের জন্য প্রস্তুতকৃত ড্রয়িং ও ডিজাইন দাখিল করা হবে।<br><br>ব্যবস্থাপনা পরিচালক গ্যাস গ্যাদারিং লাইন স্থাপনের জন্য তৈরিকৃত ড্রয়িং ও ডিজাইন আগামী ৩০-০৯-২০২৫ এর মধ্যে দাখিলের নির্দেশনা প্রদান করেন। এছাড়াও, সঞ্চালন পাইপলাইন নির্মাণের জন্য জিটিসিএল এবং পেট্রোবাংলা প্রান্তে গঠিত কমিটির সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার পরামর্শ প্রদান করেন। | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ) ও প্রকল্প পরিচালককে যৌথভাবে ভূমি অধিগ্রহণ কার্যক্রম তদারকি করতে হবে।<br><br>২। প্রসেস প্ল্যান্ট কমিশনিং এবং গ্যাস সরবরাহের লক্ষ্যে সঞ্চালন পাইপলাইন নির্মাণের জন্য জিটিসিএল এবং পেট্রোবাংলা প্রান্তে গঠিত কমিটির সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ)<br><br>২। প্রকল্প পরিচালক, সংশ্লিষ্ট প্রকল্প |
| ৪। | Drilling Rig ক্রয় | মহাব্যবস্থাপক (প্রকৌশল) জানান যে, রিগ ক্রয়ের লক্ষ্যে টেকনিক্যাল স্পেসিফিকেশন অনুযায়ী ব্যয় প্রাক্কলন তৈরির কাজ চলমান আছে। তিনি কত হর্স পাওয়ার ক্ষমতাসম্পন্ন রিগ ক্রয় করা হবে সেটি নির্ধারণের জন্য অনুরোধ করেন। আলোচনায় অংশ নিয়ে উপমহাব্যবস্থাপক (ফরমেশন ইভালুয়েশন) বলেন যে, ১০০০ হর্স পাওয়ার ক্ষমতাসম্পন্ন রিগ এর মাধ্যমে ওয়ার্কওভার কাজ সম্পাদন করা গেলেও অনুসন্ধান কূপ খনন করা সম্ভব হয় না। তাই, ১৫০০ হর্স পাওয়ার ক্ষমতাসম্পন্ন রিগ ক্রয় করা হলে ওয়ার্কওভার ও খনন কাজ সম্পাদন করা যাবে বলে মতামত ব্যক্ত করেন। এপ্রেক্ষিতে ব্যবস্থাপনা পরিচালক ১৫০০ হর্স পাওয়ার ক্ষমতাসম্পন্ন রিগ ক্রয়ের লক্ষ্যে টেকনিক্যাল স্পেসিফিকেশন এবং ব্যয় প্রাক্কলন তৈরির নির্দেশনা প্রদান করেন। | ১৫০০ হর্স পাওয়ার ক্ষমতাসম্পন্ন রিগ ক্রয়ের লক্ষ্যে টেকনিক্যাল স্পেসিফিকেশন এবং ব্যয় প্রাক্কলন তৈরি করতে হবে। | ১।মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>২। বিভাগীয় প্রধান (প্লানিং এন্ড আইসিটি) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৫। | গভীর কূপ খনন প্রকল্প | বিভাগীয় প্রধান (প্লানিং এন্ড আইসিটি) জানান যে, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে গত ২৪ আগস্ট ২০২৫ তারিখে প্রকল্পের ডিপিপি পরিকল্পনা কমিশনের প্রেরণ করা হলে গত ০৭ সেপ্টেম্বর ২০২৫ তারিখে পর্যালোচনাসহ সংশ্লিষ্ট ডিপিপি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করেন। বর্তমানে বাংলাদেশ পরিকল্পনা কমিশনের সুপারিশের আলোকে ডিপিপি পুনঃগঠনের কাজ চলছে। বাপেক্স বোর্ডকে অবহিতকরণের পর ডিপিপি পেট্রোবাংলার মাধ্যমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হবে। ডিপিপি অনুমোদিত হলে Notification of Award (NOA) প্রদান করা হবে। তিনি আরো জানান যে, ফেঞ্চুগঞ্জ সাউথ-১ কূপের জমির বিষয়টি ভূমি মন্ত্রণালয়ের অনুমোদনের লক্ষ্যে জেলা প্রশাসন হতে ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক ডিপিপি অনুমোদিত হলে ঠিকাদারকে NOA প্রদান ও কূপের যাবতীয় পূর্ত কাজ যথাসময়ে সম্পন্নকরণের নির্দেশনা প্রদান করেন। এছাড়া, বাপেক্স ও জেলা প্রশাসকের কার্যালয়, ফেঞ্চুগঞ্জ এর সমন্বয়ে চা বাগানের মালিক পক্ষ হতে দাবিকৃত ক্ষতিপূরণ কমানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন। | ১। ডিপিপি অনুমোদনের লক্ষ্যে প্লানিং কমিশনের নির্দেশনা অনুযায়ী জরুরি পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২। ডিপিপি অনুমোদিত হলে ঠিকাদারকে NOA প্রদান করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২। প্রকল্প ব্যবস্থাপক (সংশ্লিষ্ট প্রকল্প) |
| | | | ২। কূপের যাবতীয় পূর্ত কাজ যথাসময়ে সম্পন্ন করতে হবে।<br>৩। বাপেক্স ও জেলা প্রশাসকের কার্যালয়, ফেঞ্চুগঞ্জ এর সমন্বয়ে চা বাগান মালিক পক্ষ হতে দাবিকৃত ক্ষতিপূরণ হ্রাসের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ) |
| ৬। | সুবর্ণচর, ফেনী ও শৈলকূপা এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে | বিভাগীয় প্রধান (প্লানিং এন্ড আইসিটি) জানান যে, সুবর্ণচর ও ফেনী এলাকায় ইতোমধ্যে ক্লোজগ্রিড ২ডি সার্ভে সম্পন্ন করে কূপ খননের উদ্যোগ নেয়া হয়েছে। খননতব্য কূপসমূহে খননের পরে গ্যাস আবিষ্কৃত হলে পরবর্তীতে ৩ডি সার্ভে করা হবে। তিনি আরো জানান যে, ৩ডি সাইসমিক সার্ভে কাজের জন্য প্রস্তাবিত শৈলকূপা এলাকা পেট্রোবাংলার ফেন্স এলাকার আওতাধীন হওয়ায় উক্ত এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে কাজের জন্য পেট্রোবাংলায় পত্র প্রেরণ করা হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক শৈলকূপা এলাকায় বাপেক্সের জন্য ব্লক বরাদ্দ এবং ৩ডি সাইসমিক সার্ভে করার অনুমতি প্রদানের লক্ষ্যে পেট্রোবাংলার সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার পরামর্শ প্রদান করেন। | শৈলকূপা এলাকায় বাপেক্সের জন্য ব্লক বরাদ্দ এবং ৩ডি সাইসমিক সার্ভে করার অনুমতি প্রদানের লক্ষ্যে পেট্রোবাংলার সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১। বিভাগীয় প্রধান (প্লানিং এন্ড আইসিটি)<br>২। বিভাগীয় প্রধান (ভূপদার্থ) |
| ৭। | চরফ্যাশন এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে | বিভাগীয় প্রধান (প্লানিং এন্ড আইসিটি) জানান যে, ৩ডি সাইসমিক সার্ভে ওভার চরফ্যাশন শীর্ষক প্রকল্পের আওতায় ৬৬০ বর্গ কি.মি ৩ডি সাইসমিক সার্ভে সম্পন্ন করার লক্ষ্যে প্রস্তাবিত উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি) পরিচালক পর্ষদের ৫০৫তম সভায় অনুমোদিত হয়েছে। গত ২৫-০৯-২০২৫ তারিখে প্রস্তাবিত উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি) পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক পেট্রোবাংলা এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার পরামর্শ প্রদান করেন। | ১। দ্রুত ডিপিপি পেট্রোবাংলায় প্রেরণ করতে হবে।<br>২। পেট্রোবাংলা এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১। বিভাগীয় প্রধান (ভূপদার্থ)<br>২। বিভাগীয় প্রধান (প্লানিং এন্ড আইসিটি) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৮। | অডিট আপত্তি | উপমহাব্যবস্থাক (নিরীক্ষা) জানান যে, বাপেক্সে-এ বর্তমানে মোট ৩১২টি (Non SFI-৬৬টি, SFI ১৯৪টি, সংকলনভুক্ত ও পিএ কমিটি ২৪টি) নিরীক্ষা আপত্তি রয়েছে। গত ২৭-০৮-২০২৫ তারিখে অনুষ্ঠিত দ্বিপক্ষীয় সভায় ১০টি অডিট আপত্তি নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে যেখানে জড়িত অর্থের পরিমাণ ৮৭২.০০ লক্ষ টাকা। তিনি আরো জানান যে, পেট্রোবাংলার নির্দেশনা অনুযায়ী বাপেক্সের অডিট আপত্তিসমূহের ক্যাটাগরি নির্ধারণের কাজ চলমান রয়েছে। এছাড়াও, নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে আগামী ১৪-১০-২০২৫ তারিখে একটি দ্বিপাক্ষিক সভা আয়োজনের করা হবে। ব্যবস্থাপনা পরিচালক নিয়মিত দ্বিপাক্ষিক ও ত্রিপাক্ষিক সভা অনুষ্ঠানের মাধ্যমে বাপেক্সের অডিট আপত্তির সংখ্যা কমানোর উপর গুরুত্বারোপ করেন এবং বিদ্যুৎ ও জ্বালানি অডিট অধিদপ্তরের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার পরামর্শ প্রদান করেন। এছাড়াও, বাপেক্সের অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির বিষয়ে দ্রুত বোর্ড কমিটির সভা আয়োজনের নির্দেশনা প্রদান করেন। | ১। নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে নিয়মিত দ্বিপাক্ষিক ও ত্রিপাক্ষিক সভা আয়োজন করতে হবে।<br><br>২। বাপেক্সের অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির বিষয়ে অক্টোবর-২০২৫ মাসের মধ্যে বোর্ড কমিটির সভা আয়োজন করতে হবে। | ১। উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা) |
| ৯। | রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার | মহাব্যবস্থাপক (প্রকৌশল) জানান যে, কৈলাশটিলা-১ কূপের ওয়ার্কওভার শেষে বিজয়-১২ রিগ রূপগঞ্জ-১ কূপ খনন এলাকায় নভেম্বর, ২০২৫ মাসের শেষ নাগাদ স্থানান্তর করা যাবে। মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার এর জন্য পূর্ত কাজ চলমান আছে। সেপ্টেম্বর, ২০২৫ এর মধ্যে পূর্ত কাজ সম্পন্ন হবে। সভায় কৈলাশটিলা-১ কূপের ওয়ার্কওভার শেষে বিজয়-১২ রিগ রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার এলাকায় স্থানান্তর এবং দ্রুত পূর্ত কাজ সম্পন্নের পক্ষে একমত প্রকাশ করা হয়। | ১। কৈলাশটিলা-১ কূপের ওয়ার্কওভার শেষে বিজয়-১২ রিগ রূপগঞ্জ-১ কূপ এলাকায় স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>২। রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার কাজ সম্পাদনের লক্ষ্যে দ্রুত পূর্ত কাজ সম্পন্ন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br><br>২। মহাব্যবস্থাপক (নির্মাণ) |
| ১০ | বাপেক্সের অকেজো মালামাল স্থানান্তর | উপমহাব্যবস্থাপক (ভান্ডার) জানান যে, বাপেক্সের অকেজো মালামাল স্থানান্তরের জন্য গঠিত কমিটির তত্ত্বাবধানে গত ২১-০৮-২০২৫ তারিখে কিছু অকেজো মালামাল রূপগঞ্জ-১ এ স্থানান্তর করা হয়েছে। কৈলাশটিলা-১ কূপের ওয়ার্কওভার শেষে প্রকৌশল বিভাগ কর্তৃক ট্রাক সরবরাহের প্রেক্ষিতে বাপেক্স ভবনের অবশিষ্ট অকেজো মালামাল স্থানান্তর করা হবে। মহাব্যবস্থাপক (প্রশাসন) সভায় জানান যে, অকেজো মালামাল ঘোষণা সংক্রান্ত নীতিমালা প্রেরণের জন্য BGFCL বরাবর একটি পত্র প্রেরণ করা হয়েছে। BGFCL হতে উক্ত নীতিমালা পাওয়া গেলে সে আলোকে বাপেক্সের অকেজো মালামাল সংক্রান্ত একটি কার্যপত্র (Board Paper) প্রস্তুত করা হবে। ব্যবস্থাপনা পরিচালক BGFCL হতে অকেজো মালামাল ঘোষণা সংক্রান্ত নীতিমালা সংগ্রহপূর্বক একটি কার্যপত্র (Board Paper) প্রস্তুত করার পরামর্শ প্রদান করেন। | ১। বাপেক্সের অকেজো মালামাল দ্রুত অপসারণ/ স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>২। বিজিএফসিএল এর অকেজো মালামাল ঘোষণা সংক্রান্ত নীতিমালার আলোকে বাপেক্সের সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সমন্বয়ে একটি কমিটি গঠন করে খসড়া নীতিমালা প্রণয়ন করতে হবে।<br><br>৩। বাপেক্সের অকেজো মালামাল সংক্রান্ত একটি কার্যপত্র (Board Paper) প্রস্তুত করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>২। উপমহাব্যবস্থাপক (সেবা)<br>৩। উপমহাব্যবস্থাপক (ভান্ডার) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১১। | সেমুতাং-৬ কূপের ওয়ার্কওভার | মহাব্যবস্থাপক (খনন) জানান যে, সেমুতাং-৬ কূপে ওয়ার্কওভার কার্যক্রম সম্পাদনের জন্য প্রয়োজনীয় মালামাল সংরক্ষিত আছে। ইতোমধ্যে কমিটি কর্তৃক রাস্তা পরিদর্শন করা হয়েছে। তিনি আরো জানান যে, কূপ এবং স্থাপনার সার্বিক অবস্থা পর্যবেক্ষণের জন্য খনন বিভাগ হতে দুইজন ড্রিলিং সুপারিনটেনডেন্ট-কে সেমুতাং গ্যাসক্ষেত্রে প্রেরণ করা হবে। এছাড়াও, সেমুতাং-৬ কূপে ওয়ার্কওভার কার্যক্রম সম্পাদনের জন্য প্রয়োজনীয় রিগ ও খনন সংক্রান্ত মালামাল নিরাপত্তাজনিত কারণে রাস্তা ঠিক করার পর স্থানান্তর করা সমীচীন বলে তিনি মতামত ব্যক্ত করেন। ব্যবস্থাপনা পরিচালক দ্রুততম সময়ে সেমুতাং-৬ ওয়ার্কওভার কাজ সম্পাদনের লক্ষ্যে রিগ ও খনন সংক্রান্ত মালামাল স্থানান্তর কাজ খনন বিভাগ, নির্মাণ বিভাগ ও প্রকৌশল বিভাগের সমন্বয়ে সম্পন্ন করার পরামর্শ প্রদান করেন। | ১। দ্রুততম সময়ে সেমুতাং-৬ ওয়ার্কওভার এর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। সেমুতাং-৬ কূপে ওয়ার্কওভার কার্যক্রম সম্পাদনের জন্য প্রয়োজনীয় রিগ ও খনন সংক্রান্ত মালামাল স্থানান্তর কাজ খনন বিভাগ, নির্মাণ বিভাগ ও প্রকৌশল বিভাগের সমন্বয়ে সম্পন্ন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (খনন)<br>২। মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>৩। মহাব্যবস্থাপক (নির্মাণ) |
| ১২। | সুন্দলপুর-৩ এবং শাহবাজপুর-৪ কূপের ওয়ার্কওভার | বিভাগীয় প্রধান (প্লানিং এন্ড আইসিটি) জানান যে, সুন্দলপুর-৩ এবং শাহবাজপুর-৪ কূপে ওয়ার্কওভার সম্পাদনের জন্য কারিগরি/আর্থিক বিষয়াদি খতিয়ে দেখার লক্ষ্যে ভূ-তাত্বিক বিভাগ হতে তথ্যাদি সংগ্রহ করা হয়েছে। মহাব্যবস্থাপক (প্রকৌশল) জানান যে, কর্তৃপক্ষীয় সিদ্ধান্ত মোতাবেক বিয়ানীবাজার কূপ ওয়ার্কওভার সম্পন্ন শেষে শাহবাজপুর-৪ কূপের ওয়ার্কওভার এলাকায় আইপিএস কার্ডওয়েল রিগ স্থানান্তর করা যাবে বলে তিনি আশা প্রকাশ করেন। ব্যবস্থাপনা পরিচালক কোন কমিটি গঠনের বিষয়ে সমন্বয় সভায় সিদ্ধান্ত গৃহীত হলে কার্যবিবরণী স্বাক্ষরের পূর্বেই সংশ্লিষ্ট বিভাগ হতে কমিটি গঠনের প্রস্তাব প্রেরণের জন্য পরামর্শ প্রদান করেন। তিনি সুন্দলপুর-৩ এবং শাহবাজপুর-৪ কূপে ওয়ার্কওভার সম্পাদনের জন্য কারিগরি/আর্থিক বিষয়াদি খতিয়ে দেখার জন্য মহাব্যবস্থাপক (খনন)-আহবায়ক, মহাব্যবস্থাপক (ওয়েল সার্ভিসেস), মহাব্যবস্থাপক (প্রকৌশল), মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) এবং মহাব্যবস্থাপক (উৎপাদন) এর সমন্বয়ে একটি কমিটি গঠন করার নির্দেশনা প্রদান করেন। | ১। সুন্দলপুর-৩ এবং শাহবাজপুর-৪ কূপে ওয়ার্কওভার সম্পাদনের জন্য কারিগরি/আর্থিক বিষয়াদি খতিয়ে দেখার জন্য মহাব্যবস্থাপক (খনন)-আহবায়ক, মহাব্যবস্থাপক (ওয়েল সার্ভিসেস), মহাব্যবস্থাপক (প্রকৌশল), মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) এবং মহাব্যবস্থাপক (উৎপাদন) এর সমন্বয়ে একটি কমিটি গঠন করতে হবে। | ১।মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>২। মহাব্যবস্থাপক (প্রকৌশল) |
| | | | ২। শাহবাজপুর-৪ কূপের ওয়ার্কওভার সম্পাদনের লক্ষ্যে আইপিএস কার্ডওয়েল রিগ দ্রুত স্থানান্তরের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>২। মহাব্যবস্থাপক (নির্মাণ) |
| ১৩। | বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদার | উপমহাব্যবস্থাপক (সেবা) জানান যে, বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদারসহ অগ্নিকান্ডের বিষয়ে সতকর্তামূলক ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে এবং বাপেক্স ভবনের ছাদে Thunder Arrestor স্থাপনের বিষয়ে গঠিত কমিটির প্রতিবেদন দাখিল করা হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদারসহ অগ্নিকান্ডের বিষয়ে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ এবং দ্রুত বাপেক্স ভবনের ছাদে Thunder Arrestor স্থাপনের পরামর্শ প্রদান করেন। | ১। বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদারসহ অগ্নিকান্ডের বিষয়ে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। দ্রুত বাপেক্স ভবনের ছাদে Thunder Arrestor স্থাপন এবং বাপেক্স ভবনের ঝুঁকিপূর্ণ গ্যাস সংযোগগুলোর স্যানেটারী ডাক্ট ও ফ্লোর টাইলসের নিচ দিয়ে নেয়ার পরিবর্তে বিকল্প ব্যবস্থা গ্রহণের | ১। উপমহাব্যবস্থাপক (সেবা)<br>২। উপমহাব্যবস্থাপক (এইচএসই)<br>৩। উপমহাব্যবস্থাপক (নির্মাণ) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ১৪। | বাপেক্সের বিভিন্ন বিভাগের অপারেশনাল কার্যক্রম, কাজের প্রতিবন্ধকতা/চ্যালেঞ্জ ও এটি উত্তরণের উপায় নির্ধারণ | মহাব্যবস্থাপক (প্রকৌশল) রিগের পিরিয়ডিক মেইনটেইনেন্স ও রক্ষণাবেক্ষণ একটি দৈনন্দিন ও ধারাবাহিক কাজ বিধায় বিষয়টি সমন্বয় সভার এজেন্ডা হতে বাদ দেয়ার অনুরোধ করেন। মহাব্যবস্থাপক (প্রশাসন) বলেন যে, মাসিক সমন্বয় সভায় বাপেক্সের সকল বিভাগের অপারেশনাল কার্যক্রম, কাজের প্রতিবন্ধকতা/চ্যালেঞ্জ ও এটি উত্তরণের উপায় নির্ধারণ নিয়ে আলোচনা হয় তাই সকল বিভাগের অপারেশনাল কার্যক্রম আলোচনা হতে পারে। পরিশেষে, সভায় রিগের পিরিয়ডিক মেইনটেইনেন্স ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম এজেন্ডার পরিবর্তে বাপেক্সের বিভিন্ন বিভাগের অপারেশনাল কার্যক্রম, কাজের প্রতিবন্ধকতা/চ্যালেঞ্জ ও এটি উত্তরণের উপায় নির্ধারণ বিষয়টি এজেন্ডাভুক্ত করার পক্ষে একমত প্রকাশ করা হয়। | ১। বাপেক্সের বিভিন্ন বিভাগের অপারেশনাল কার্যক্রম, কাজের প্রতিবন্ধকতা/চ্যালেঞ্জ ও এটি উত্তরণের উপায় নির্ধারণ বিষয়টি এজেন্ডাভুক্ত করতে হবে। | ১। মহাব্যবস্থাপক ও কোম্পানি সচিব |
| ১৫। | বিবিধ | ১৫.১। মহাব্যবস্থাপক (নির্মাণ) সভায় জানান যে, বাপেক্স ভবনের নিরাপত্তার স্বার্থে বাউন্ডারি ওয়াল আরো উঁচু করার লক্ষ্যে প্রয়োজনীয় ড্রইং/ডিজাইন সম্পন্ন হয়েছে। ইতোমধ্যে উক্ত বিষয়ে গঠিত প্রাক্কলন কমিটি প্রতিবেদন দাখিল করেছে। কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী ব্যয় প্রক্কলন পুননির্ধারণ কাজ চলমান আছে। ব্যবস্থাপনা পরিচালক বাপেক্স ভবনের নিরাপত্তার স্বার্থে প্রয়োজন অনুযায়ী বাউন্ডারি ওয়াল আরো উঁচু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন। | ১। বাপেক্স ভবনের নিরাপত্তার স্বার্থে প্রয়োজন অনুযায়ী বাউন্ডারি ওয়াল আরো উঁচু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ)<br>২। উপমহাব্যবস্থাপক (সেবা) |
| | | ১৫.২। উপমহাব্যবস্থাপক (নির্মাণ) সভায় জানান যে, কাপাসিয়ায় ভূপদার্থিক বিভাগের মালামাল (২ডি ও ৩ডি সাইসমিক সার্ভে), পরীক্ষাগার বিভাগের মালামাল এবং জিওলজিক্যাল পার্টির মালামাল সংরক্ষণ করার জন্য ১টি গোডাউন বা ওয়্যারহাউজ নির্মাণের জন্য গঠিত কমিটির প্রতিবেদন দাখিল করা হয়েছে। ব্যবস্থাপনা কমিটির সুপারিশ মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার পরামর্শ প্রদান করেন। | কমিটির সুপারিশ মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। বিভাগীয় প্রধান (ভূপদার্থ) ও আহবায়ক, সংশ্লিষ্ট কমিটি<br>২। উপমহাব্যবস্থাপক (নির্মাণ) ও সদস্য সচিব, সংশ্লিষ্ট কমিটি |
| | | ১৫.৩। মহাব্যবস্থাপক (খনন) জানান যে, বাপেক্স এর রাজস্ব বাজেট হতে ন্যূনতম ২টি কূপ খনন ও পরিচালক পর্ষদ কর্তৃক অনুমোদিত কূপ সমূহের ওয়ার্কওভার কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় মালামাল ক্রয়ের জন্য ০৮টি দরপত্রের মধ্যে ০৪টি দরপত্রের বিপরীতে ক্রয়াদেশ (Purchase Order) দেয়া হয়েছে। ইতোমধ্যে শেভরন (বাংলাদেশ) লিঃ বাপেক্স-কে খনন সংশ্লিষ্ট ১৬০ প্রকার মালামাল প্রদানের জন্য পেট্রোবাংলায় পত্র প্রেরণ করেছে। উক্ত মালামালের Specifications যাচাইপূর্বক ২টি দরপত্র পুনঃআহবানের বিষয়ে বিবেচনা করা হবে। | বাপেক্স এর রাজস্ব বাজেট হতে ন্যূনতম ২টি কূপ খনন ও পরিচালক পর্ষদ কর্তৃক অনুমোদিত কূপ সমূহের ওয়ার্কওভার কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় মালামাল দ্রুত ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (খনন)<br>২। উপমহাব্যবস্থাপক (বৈদেশিক ক্রয়) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | তবে, ফেঞ্চুগঞ্জ গ্যাসক্ষেত্রের ডুয়েল কম্প্লিশনের জন্য মালামাল ক্রয়ের বিষয়ে এখনো কোন সিদ্ধান্ত হয়নি। পরিশেষে, সভায় ২টি কূপ খনন ও পরিচালক পর্ষদ কর্তৃক অনুমোদিত কূপ সমূহের ওয়ার্কওভার কার্যক্রম সম্পাদনের জন্য প্রয়োজনীয় মালামাল দ্রুত ক্রয়ের ব্যবস্থা গ্রহণের পক্ষে একমত প্রকাশ করা হয়। | | |
| | | ১৫.৪। মহাব্যবস্থাপক (প্রকৌশল) বলেন যে, বাপেক্স ভবনের প্রতিটি ফ্লোরে সুন্দর ও স্বাস্থ্যকর কর্মপরিবেশ নিশ্চিতের লক্ষ্যে ফ্লোর স্ট্যান্ড/ এসি স্থাপন অথবা প্রযোজ্য ক্ষেত্রে বিকল্প ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে সংশ্লিষ্ট কমিটি সরেজমিন পরিদর্শন করেছে। কমিটির নিকট বাপেক্স ভবনের প্রতিটি ফ্লোরে ফ্লোর স্ট্যান্ড/এডজাস্ট ফ্যান স্থাপন করা বাস্তবসম্মত বলে বিবেচিত হয়েছে। তিনি আরো জানান যে, প্রাথমিকভাবে নির্মাণ বিভাগে ফ্লোর স্ট্যান্ড/এডজাস্ট ফ্যান স্থাপনের ব্যবস্থা গ্রহণ করা হবে। ইতিবাচক ফলাফলের ভিত্তিতে পরবর্তীতে বাপেক্স ভবনের সকল ফ্লোরে স্ট্যান্ড/এডজাস্ট ফ্যান স্থাপন করা হবে আশা প্রকাশ করেন। মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) ফ্লোর স্ট্যান্ড/এডজাস্ট ফ্যান স্থাপনের সময় সংশ্লিষ্ট বিভাগে কর্মরত কর্মকর্তা-কর্মচারীর সংখ্যা বিবেচনায় নিয়ে ফ্যানের সংখ্যা ও আকার নির্ধারণের পরামর্শ প্রদান করেন। ব্যবস্থাপনা পরিচালক বাপেক্স ভবনে স্বাস্থ্যকর কর্মপরিবেশ নিশ্চিতের লক্ষ্যে ফ্লোর স্ট্যান্ড/এডজাস্ট ফ্যান স্থাপন করার নির্দেশনা প্রদান করেন। | ১। বাপেক্স ভবনে স্বাস্থ্যকর কর্মপরিবেশ নিশ্চিতের লক্ষ্যে ফ্লোর স্ট্যান্ড/ এডজাস্ট ফ্যান স্থাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। বাপেক্স ভবনের সীড়ির পাশের বাতাস ভেন্টিলেশন ব্যবস্থা বড় করা যাবে কিনা খতিয়ে দেখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>২। মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>৩। মহাব্যবস্থাপক (নির্মাণ) |
| | | ১৫.৫। মহাব্যবস্থাপক (ওয়েল সার্ভিসেস) জানান যে, বাপেক্স ভবন ও চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়সহ অন্যান্য স্থাপনায় সোলার প্যানেল স্থাপনের জন্য গঠিত কমিটির প্রতিবেদন দাখিল করা হয়েছে। চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ে একটি ৩০ কিলোওয়াট সোলার প্যানেল স্থাপনের জন্য নীতিগত সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক বাপেক্সের চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ে দ্রুততম সময়ে সোলার প্যানেল স্থাপনের নির্দেশনা প্রদান করেন। | ১। বাপেক্স ভবন ও চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়সহ বাপেক্স এর অন্যান্য স্থাপনায় সোলার প্যানেল স্থাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ে দ্রুততম সময়ে সোলার প্যানেল স্থাপন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>২। মহাব্যবস্থাপক (ওয়েল সার্ভিসেস)<br>৩। বিভাগীয় প্রধান, চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়, বাপেক্স |
| | | ১৫.৬। উপমহাব্যবস্থাপক (উৎপাদন) জানান যে, সর্বশেষ আইনী মতামত এবং পেট্রোবাংলার মতামতের ভিত্তিতে ফেনী ও ছাতক গ্যাস ফিল্ডের তদারকি কাজ ০১-০৮-২০২৪ তারিখ হতে বাপেক্স করে আসছে। তবে, উক্ত গ্যাস ফিল্ডের মালিকানার বিষয়টি নিষ্পত্তি হয়নি। সম্প্রতি বিজিএফসিএল ও এসজিএফএল ফেনী ও ছাতক গ্যাস ফিল্ডের কিছু বিষয়ে হস্তক্ষেপ করেছে। তাই, বর্ণিত বিষয়টি দ্রুত সুরাহা করা প্রয়োজন। ব্যবস্থাপনা পরিচালক ফেনী ও ছাতক গ্যাস ফিল্ড বাপেক্সের মালিকানায় পাওয়ার যৌক্তিকতা তুলে ধরে উৎপাদন বিভাগ হতে সংশ্লিষ্ট বিভাগসমূহের মতামত সংগ্রহ করে | ফেনী ও ছাতক গ্যাস ফিল্ড বাপেক্সের মালিকানায় পাওয়ার যৌক্তিকতা তুলে ধরে উপস্থাপিত নথির আলোকে পেট্রোবাংলায় পত্র প্রেরণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (উৎপাদন) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | উপস্থাপিত নথির আলোকে পেট্রোবাংলায় পত্র প্রেরণের নির্দেশনা প্রদান করেন। | | |
| | | ১৫.৭। মহাব্যবস্থাপক (প্রকৌশল) জানান যে, গ্যাস উন্নয়ন তহবিল (জিডিএফ) এর অর্থায়নে বাস্তবায়িত/সমাপ্ত অলাভজনক প্রকল্পের বিপরীতে গৃহীত ঋণ অনুদানে রূপান্তরের প্রস্তাব আরও যৌক্তিক ভাবে উপস্থাপনের কাজ চলমান রয়েছে। এ বিষয়ে বিভাগীয় প্রধান (প্লানিং ও আইসিটি) এবং মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) এর সমন্বয়ে কার্যক্রম চলমান আছে। মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) জানান যে, আগামী ০৬-১০-২০২৫ এর মধ্যে এ বিষয়ে উপস্থাপনা (Presentation) দেয়া হবে বলে আশা করা যায়। ব্যবস্থাপনা পরিচালক বলেন যে, জিডিএফ এর অর্থায়নে বাস্তবায়িত/সমাপ্ত অলাভজনক প্রকল্পের বিপরীতে গৃহীত ঋণ অনুদানে রূপান্তরের প্রস্তাব প্রেরণ করা খুবই গুরুত্বপূর্ণ। অন্যথায় উক্ত অর্থ পরিশোধের জন্য পেট্রোবাংলা এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ তাগাদা আসার সম্ভাবনা রয়েছে। তাই, সংশ্লিষ্ট কমিটিকে প্রতিবেদন দাখিলের পূর্বে আরো যৌক্তিক করার এবং প্রয়োজনে সকল মহাব্যবস্থাপক ও সংশ্লিষ্ট বিভাগের সাথে কমিটি-কে সভা করার নির্দেশনা প্রদান করেন। | ১। বাপেক্স কর্তৃক জিডিএফ এর অর্থায়নে বাস্তবায়িত/সমাপ্ত অলাভজনক প্রকল্পের বিপরীতে গৃহীত ঋণ অনুদানে রূপান্তরের প্রস্তাব পেট্রোবাংলা এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ-এ প্রেরণের পূর্বে আরো যৌক্তিক করতে হবে।<br>২। বর্ণিত বিষয়ে সকল মহাব্যবস্থাপক ও প্রয়োজনে সংশ্লিষ্ট বিভাগের সাথে সভা আয়োজন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রকৌশল) ও আহবায়ক, সংশ্লিষ্ট কমিটি |
| | | ১৫.৮। উপমহাব্যবস্থাপক (অপারেশন এন্ড ফিল্ড উন্নয়ন) সভায় অবহিত করেন যে, ONGC-এর কিছু মালামাল চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ের গুদামে সংরক্ষিত আছে যা প্রতিষ্ঠানটি আর ফেরত নেবে না বলে জানা যায়। তাই, ভবিষ্যৎ জটিলতা এড়ানোর লক্ষ্যে পেট্রোবাংলার মাধ্যমে একটি Inventory করা প্রয়োজন। বিভাগীয় প্রধান, চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়, বাপেক্স জানান যে, উক্ত বিষয়ে ইতোমধ্যে বেগম উম্মে খায়ের জান্নাতুল হুমায়রা, উপমহাব্যবস্থাপক (ড্রিলিং, প্রোডাকশন এন্ড রিগ স্পেয়ার)-কে আহবায়ক করে একটি কমিটি গঠণ করা হয়েছে।<br><br>ব্যবস্থাপনা পরিচালক চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয় হতে একটি কমিটি গঠন করে ONGC-এর মালামালের হালনাগাদ তালিকা প্রস্তুত করার এবং প্রয়োজনে এ বিষয়ে অবগত কর্মকর্তা-কে উক্ত কমিটিতে কো-অপ করার নির্দেশনা প্রদান করেন। | চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয় হতে একটি কমিটি গঠন করে ONGC-এর মালামালের হালনাগাদ তালিকা প্রস্তুত করার এবং প্রয়োজনে এ বিষয়ে অবগত কর্মকর্তা-কে উক্ত কমিটিতে কো-অপ্ট করতে হবে। | ১। বিভাগীয় প্রধান, চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়, বাপেক্স |
| | | ১৫.৯। উপমহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) সভায় অবহিত করেন যে, তাঁর নিজ দপ্তরে প্রয়োজনীয় আসবাবপত্র না থাকায় দৈনন্দিন কাজ সম্পাদনে অসুবিধা হচ্ছে। তাই, প্রাধিকার ভিত্তিতে প্রাপ্য আসবাবপত্র ক্রয় করা প্রয়োজন। উপমহাব্যবস্থাপক (সেবা) জানান যে, আসবাবপত্র ক্রয়ের নতুন নীতিমালা প্রণয়ন না হওয়ায় বাপেক্স-এ দীর্ঘদিন যাবত আসবাবপত্র ক্রয় কার্যক্রম বন্ধ রয়েছে। ব্যবস্থাপনা পরিচালক সরকারের | ১। নীতিমালা অনুযায়ী প্রাধিকার ভিত্তিতে প্রাপ্য আসবাবপত্র ক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। সরকারের কৃচ্ছ্রসাধন নীতিমালার বিষয়টি বিবেচনা করে মেরামতযোগ্য আসবাবপত্রসমূহ মেরামত | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>২। উপমহাব্যবস্থাপক (সেবা) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | কৃচ্ছ্রসাধন নীতিমালার বিষয়েটি বিবেচনা করে মেরামতযোগ্য আসবাবপত্রসমূহ মেরামত করে পুনরায় ব্যবহারের পরামর্শ প্রদান করেন। তবে, মেরামতযোগ্য না হলে বিদ্যমান নীতিমালা অনুযায়ী প্রাধিকার ভিত্তিতে প্রাপ্য আসবাবপত্র ক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | করে পুনরায় ব্যবহার করতে হবে। | |
| | | ১৫.১০। মহাব্যবস্থাপক (প্রকৌশল) বলেন যে, বাপেক্স এর গাড়ীসমূহের মন্ত্রণালয়ের কোড/রেজিস্ট্রেশন না থাকায় বিভিন্ন গ্যাসক্ষেত্র/স্থাপনায় যাতায়াতে অসুবিধার সম্মুখীন হচ্ছে। এ বিষয়ে অর্থ বিভাগে সংশ্লিষ্ট ডেক্স অফিসারের সাথে যোগাযোগ করা হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক বাপেক্স এর গাড়ীসমূহের মন্ত্রণালয়ের রেজিস্ট্রেশন/কোড প্রদানের বিষয়ে অর্থ বিভাগের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার পরামর্শ প্রদান করেন। | বাপেক্স এর গাড়ীসমূহের মন্ত্রণালয়ের রেজিস্ট্রেশন/কোড প্রদানের বিষয়ে অর্থ বিভাগের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রকৌশল) |
| | | ১৫.১১। ড্রিলিং সুপারিনটেনডেন্ট ও প্রকল্প পরিচালক জনাব মোহাম্মদ মোজাম্মেল হক জানান যে, শ্রীকাইল-৪ মূল্যায়ন কাম উন্নয়ন কূপ খনন কাজ দ্রুত সময়ের মধ্যে শুরু করা হবে বলে আশা করা যায়। তাই, কূপ খননের সময় উদ্ভুত সমস্যা নিরসনের লক্ষ্যে একটি মনিটরিং কমিটি গঠণ করা প্রয়োজন। ব্যবস্থাপনা পরিচালক মহাব্যবস্থাপক (খনন)-আহবায়ক, মহাব্যবস্থাপক (ওয়েল সার্ভিসেস), মহাব্যবস্থাপক (প্রকৌশল), মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) এবং মহাব্যবস্থাপক (উৎপাদন) এর সমন্বয়ে একটি মনিটরিং কমিটি গঠণ এবং প্রয়োজনে এ বিষয়ে অভিজ্ঞ কর্মকর্তা-কে কমিটিতে কো-অপ করার নির্দেশনা প্রদান করেন। | মহাব্যবস্থাপক (খনন)-আহবায়ক, মহাব্যবস্থাপক (ওয়েল সার্ভিসেস), মহাব্যবস্থাপক (প্রকৌশল), মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) এবং মহাব্যবস্থাপক (উৎপাদন) এর সমন্বয়ে একটি মনিটরিং কমিটি গঠণ এবং প্রয়োজনে এ বিষয়ে অভিজ্ঞ কর্মকর্তা-কে কমিটিতে কো-অপ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>২। উপমহাব্যবস্থাপক (ড্রিলিং) ও প্রকল্প পরিচালক, সংশ্লিষ্ট প্রকল্প |
| | | ১৫.১২। ব্যবস্থাপক (পরিকল্পনা) জনাব মোঃ আসিফ ইকরাম জানান যে, বাপেক্স কর্তৃক আমদানীকৃত মালামাল Special Revenue Order (SRO)-তে উল্লেখ না থাকায় চট্টগ্রাম বন্দর হতে খালাসকালে অতিরিক্ত শুল্ককর পরিশোধ করতে হচ্ছে। তাই, অতিরিক্ত শুল্ককর পরিশোধ পরিহারের লক্ষ্যে SRO হালনাগাদ করা অতীব জরুরি। ব্যবস্থাপনা পরিচালক দ্রুত SRO হালনাগাদ করার বিষয়ে একটি পত্র জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণের নির্দেশনা প্রদান করেন। | দ্রুত SRO হালনাগাদ করার বিষয়ে একটি পত্র জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করতে হবে। | ১। উপমহাব্যবস্থাপক (বৈদেশিক ক্রয়) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ১৫.১৩। ব্যবস্থাপনা পরিচালক বাপেক্সে যে ৮৩ জন নতুন কর্মকর্তা যোগদান করার জন্য অপেক্ষমাণ রয়েছে তাদেরকে কোম্পানির কাজে সম্পৃক্ত করার লক্ষ্যে কোন কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে কিনা জানতে চাইলে মহাব্যবস্থাপক (প্রশাসন) জানান যে, প্রচলিত রীতি অনুযায়ী ওরিয়েন্টশন প্রোগাম আয়োজনের মাধ্যমে বাপেক্সের সার্বিক কার্যক্রম সম্পর্কে অবহিত করা হবে। সভায় নতুন কর্মকর্তাদের জন্য ওরিয়েন্টশন প্রোগাম আয়োজনের পক্ষে একমত প্রকাশ করা হয়। | যে ৮৩ জন নতুন কর্মকর্তা যোগদান করার জন্য অপেক্ষমাণ রয়েছে তাদেরকে বাপেক্সের কর্মকাণ্ডে সম্পৃক্ত করার লক্ষ্যে ওরিয়েন্টশন প্রোগাম আয়োজন করতে হবে। | ১। বিভাগীয় প্রধান (প্লানিং এন্ড আইসিটি)-সহ সংশ্লিষ্ট মহাব্যবস্থাপকগণ |

আর কোন আলোচনার বিষয় না থাকায় সকলের নিরাপদ জীবন ও সুস্বাস্থ্য কামনা করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/১/২০২৪

প্রকৌশলী মোঃ ফজলুল হক
ব্যবস্থাপনা পরিচালক
এবং সভাপতি, মাসিক সমন্বয় সভা

বিতরণ:

১) মহাব্যবস্থাপক ............................................................ বাপেক্স।
২) উপমহাব্যবস্থাপক ........................................................ বাপেক্স।
৩) প্রকল্প পরিচালক/স্থাপনা প্রধান/ প্রকল্প ব্যবস্থাপক ........................................ বাপেক্স।
৪) অফিস কপি।